# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৫ম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ নাছরীন আক্তার, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।
তারিখ : ১৭-১০-২০২৪ খ্রিঃ ।
সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন ।শুরুতে মোগলগাঁও ইউনিয়ন পরিষদের নব নিযুক্ত প্রশাসক জনাব মো: মাহবুবুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি), সিলেট সদর, সিলেটকে স্বাগত জানানো হয় । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন ।</td><td>সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ।</td><td>বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয় ।</td><td>প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>০২</td><td colspan="4">বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ-</td></tr>
<tr><td>২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ</td><td colspan="2">(ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি)১ম কিস্তির ২৩ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে ।<br><br>(গ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ গুরুত্বপূর্ণ প্রকল্প তালিকা উপস্থাপন করেন ।
<table>
<tr><th>ক্র:</th><th>নাম</th><th>ইউনিয়ন</th></tr>
<tr><td>০১</td><td>সিলেট সদর উপজেলা সকল ইউনিয়নে বৃক্ষরোপন প্রকল্প</td><td>সকল</td></tr>
<tr><td>০২</td><td>হাওড়ে বজ্রপাত সেল্টার নির্মাণ</td><td>সকল</td></tr>
<tr><td>০৩</td><td>লাক্কাতুরা চা বাগান এর পার্শ্বে চা মিউজিয়াম নির্মাণ</td><td>টুকেরবাজার</td></tr>
<tr><td>০৪</td><td>দাসপাড়া শাহ ওলী উল্লা রোড দাসপাড়া বাজার থেকে বালুটিকর লামা পর্যন্ত মেইন রাস্তা জরুরী সংস্কার</td><td>খাদিমপাড়া</td></tr>
<tr><td>০৫</td><td>সতর মাঝপাড়া ইটসলিং বাইপাস রাস্তা হইতে হাবিবুল গং দের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই</td><td>হাটখোলা</td></tr>
<tr><td>০৬</td><td>সুনামগঞ্জ রোড হইতে মৃত মাওলানা আব্দুল মালিক সাহেবের বাড়ি পর্যন্ত ১৩০০ ফুট রাস্তা নির্মান কাজ</td><td>মোগলগাঁও</td></tr>
<tr><td>০৭</td><td>বাদাঘাট মডেল স্কুল এন্ড কলেজ সংযোগ সড়ক</td><td>কান্দিগাঁও</td></tr>
<tr><td>০৮</td><td>নলকট বাদাঘাট রাস্তা হতে সোনামিয়ার কবরস্থান পযন্ত রাস্তা সংস্কার</td><td>ঐ</td></tr>
</table></td><td>১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১.২)সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত প্রকল্প যাচাই বাচাই পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট ।</td></tr>
<tr><td>২.২ স্বাস্থ্য বিভাগ</td><td colspan="2">উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>তিনি জানান, কমিউনিটি পর্যায়ে ০৯ বছর হতে ১৪ বছর বয়সী কিশোরী এবং বিদ্যালয় পর্যায়ে ৫ম শ্রেনী হতে ৯ম শ্রেনী পর্যন্ত সকল ছাত্রীদের এইচপিভি(জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধক) টিকা দেওয়ার প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে । এই টিকা ২৪</td><td>১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠ পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩। মাংকি পক্স স্কেনিং কার্যক্রম</td><td>উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্প কর্মকর্তা,সিলেট সদর, সিলেট সংশ্লিষ্ট সকল ।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | অক্টোবর হতে ১৮ কর্মদিবস চলমান থাকবে ।টিকা প্রয়োগের নিমিত্ত স্বাস্থ্য কর্মী ও পরিবার পরিকল্পনা কর্মীদের ব্যাচ আকারে ০৪দিন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান ।উক্ত টিকা রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মকানুন উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের মাধ্যমে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে পত্রাকারে পৌছে দেয়া হয়েছে ।<br>তিনি জানান, ডেঙ্গু কার্যক্রমের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট এর নির্দেশনানুযায়ী সপ্তাহের প্রতি বুধবার সন্দেহজনক ডেঙ্গুর উৎপত্তিস্থল নির্ধারনক্রমে প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দাপ্তরিক ই-মেইল এ প্রেরণ করা হয় ।<br>তিনি জানান, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট এ মেডিকেল টিম এর মাধ্যমে মাংকি পেক্স স্কেনিং কার্যক্রম বিগত ২০/০৮/২০২৪ ইং চালু রয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি ।<br>তিনি আরোও জানান, হাটখোলা ইউনিয়নের সাবেক ২নং এবং বর্তমান ৩নং ওয়ার্ড এর নোয়াগাঁও গ্রামে হাজী আব্দুল মুছব্বির চৌধুরী কমিউনিটি ক্লিনিক নামে একটি কমিউনিটি ক্লিনিক নতুন করে চালু করা হয়েছে । কোন সিএইচসিপি পদায়ন এবং উক্ত কমিউনিটি ক্লিনিকের নামে ঔষধপত্র ও অন্যান্য আনুষাঙ্গিক খাতাপত্র ও লজিস্টিক সিবিএইচসি কর্তৃক সরবরাহ না থাকায় স্থানীয় ব্যবস্থাপনায় স্বাস্থ্য সহকারী দ্বারা প্রতি রবিবার খোলা রাখা হয়েছে ।এ ব্যাপারে সিবিএইচসি,র বরাবরে সিএইচসিপি পদায়ন পত্র এবং উক্ত কমিউনিটি ক্লিনিকের নামে ঔষধপত্র ও অন্যান্য আনুষাঙ্গিক খাতাপত্র ও লজিস্টিক সরবরাহ পাওয়ামাত্র নিয়মিতভাবে স্বাস্থ্য সেবা অব্যাহত থাকবে । | চলমান রাখতে হবে ।<br>১.৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলা কমিউনিটি ক্লিনিকে প্রদানের লক্ষ্যে ক্রয়কৃত ৫৩টি অক্সিজেন সিলিন্ডারগুলোর মধ্যে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির সিলেট শাখা ক্লিনিকের প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানে ০৫টি এবং ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রকে ০৫ টি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়া শহীদ শামছু-উদ্দিন হাসপাতাল ও সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে চাহিদা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, এইচ এস সি পরীক্ষা-২০২৪ এর সিলেট সদর উপজেলার ফলাফল উপস্থাপন করেন ।পাশের হার- ৯৬.৮০% এবং মাদ্রাসা বোর্ড-৮৮.০৯% । এছাড়া বার্ষিক জরিপ মহানগর সহ ৯৬% সম্পন্ন । | ১) সারাদেশের মধ্যে সিলেট বোর্ড পাশের হারে ১ম স্থান অর্জন করায় মাধ্যমিক শিক্ষা পরিবারকে উপজেলা পরিষদের পক্ষথেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | উপজেলা মাধ্যমি শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>আলোচনাকালে জালালাবাদ ইউপি চেয়ারম্যান জানান, কালিরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় দর্শনকালে শিক্ষদের উপস্থিতি কম পেয়েছেন ।এছাড়া একজন শিক্ষকের অবর্তমানে পেরা শিক্ষক দিয়ে ক্লাস পরিচালনা করা হচ্ছে তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১) কালিরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক উপস্থিত না থাকার বিষটি সরজমিন পরিদর্শন পূর্বক মতামত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা শিক্ষ কর্মকর্তা, সিলে সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান চলতি বছরে নুতন কোন বরাদ্দ পাওয়া যায়নি । গত বছরের সকল প্রত্যয়ন পাওয়া গেছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা প্রক বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় এইচপিভি(জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধক) টিকার গুরুত্ব আলোচনা করেন । তিনি রেজিস্ট্রেশনের সময় ছাত্রীদের অভিবাবকদের মোবাইল ব্যবহারের পরামর্শ প্রদান করেন । | ১.১। এইচপিভি(জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধক) টিকা প্রদান কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা পরিব পরিকল্পনা কর্মক ও সংশ্লিষ্ট সক সিলেট সদর, সিলে |

<table>
<tr>
<td>২.৭ কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে সাম্প্রতিক বন্যা, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বোরো ধানের (উফশী জাত) বীজ ও সার সহায়তা পুনর্বাসন কর্মসূচী আওতায় নিম্নে উল্লেখিত ইউনিয়ন ওয়ারী কৃষদের মধ্যে ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি বিতরণ করা হবে।
<table>
<tr><td>ক্র:</td><td>ইউনিয়নের নাম</td><td>সংখ্যা</td></tr>
<tr><td>০১</td><td>জালালাবাদ</td><td>৪৪০ জন</td></tr>
<tr><td>০২</td><td>হাটখোলা</td><td>৪২০ জন</td></tr>
<tr><td>০৩</td><td>খাদিমনগর</td><td>৪১০ জন</td></tr>
<tr><td>০৪</td><td>খাদিমপাড়া</td><td>৪১০ জন</td></tr>
<tr><td>০৫</td><td>টুকেরবাজার</td><td>২৯০ জন</td></tr>
<tr><td>০৬</td><td>মোগলগাঁও</td><td>৪১০ জন</td></tr>
<tr><td>০৭</td><td>কান্দিগাঁও</td><td>৩৭০ জন</td></tr>
<tr><td>০৮</td><td>সিটি কর্পোরেশন</td><td>১৫০ জন</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>২৯০০ জন</td></tr>
</table>
তিনি আরোও জানান, ১৬৬ মে:টন ইউরিয়া, ২৯.৭৫ মে:টন টিএসপি, ৩৭ মে:টন এমওপি, ৩৪ মে:টন ডিএপি সার মজুদ আছে।সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই। রোপা আমন ধানের আবাদ লক্ষ্যমাত্রা ৯০৮৫ হেক্টর অর্জিত ৯০৯৫ হেক্টর এছাড়া রবি মৌসুমের ফসল আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ব্লক পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।</td>
<td>১.১। প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দ ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে বিতরণ নিশ্চিত করতে হবে।<br>১.২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) সার ও বীজের দোকান মনিটরিং করবেন।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল সিলেট সদর সিলেট</td>
</tr>
<tr>
<td>২.৮ মৎস্য বিভাগ</td>
<td>উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, জানান, খাদিমপাড়া মৎস খামারে প্রতি সপ্তাহে ০১ দিন মাছের পোনা প্রদান করা হয় এজন্য অনেক লোকজনের সমাগম হয়। উক্ত খামারে খাবার পানির ব্যবস্থা নাই। তিনি খাদিমপাড়া মৎস খামারে পানির উৎসের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।</td>
<td>১.১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) খাদিমপাড়া মৎস খামারে নিরাপদ পানির জন্য একটি গভীর নলকূপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td>
<td>উপজেলা মৎস কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল সিলেট সদর সিলেট।</td>
</tr>
<tr>
<td>২.৯ প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সারাদেশের ন্যায় সিলেট সদর উপজেলায় পিপিআর ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।</td>
<td>১.১) মহিষের কৃত্রিম প্রজননের স্থান নির্ধারণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে স্থান নির্ধারণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সিলেট সদর, সিলে</td>
</tr>
<tr>
<td>২.১০ সমাজ সেবা বিভাগ</td>
<td>প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা তালিকা ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হচ্ছে। প্রেরিত তালিকায় মৃত/নিরুদ্দেশ/ স্থান ত্যাগ/মোবাইল নম্বরে সমস্যা ইত্যাদি যাচাই বাছাই শেষে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।</td>
<td>১.১) বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা তালিকায় মৃত/নিরুদ্দেশ/ স্থান ত্যাগ/মোবাইল নম্বরে সমস্যা ইত্যাদি যাচাই বাছাই শেষে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল সিলেট সদর সিলেট।</td>
</tr>
<tr>
<td>২.১১ মহিলা বিষয়ক বিভাগ</td>
<td>প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে চলতি মাসে কোন নতুন আলোচ্যবিষয় নাই।</td>
<td></td>
<td>উপ-পরিচালক, জেলা মহিলা বিষয় কর্মকর্তা ও সংশ্লি সকল, সিলেট।</td>
</tr>
<tr>
<td>২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td>
<td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে একটি সার্ভে পরিচালিত হয়। দেখা যায় বিদ্যমান নলকূপ ০৯ টি আয়রণমুক্ত ০৫ টি আয়রণ যুক্ত ০৪ টি প্লাস্টিক পানির ট্যাংক ২০টি। বর্তমানে ডাকঘর ও বিআরডিবি অফিসে কোন পানির ব্যবস্থা নাই। তাছাড়া সমাজসেবা অফিস,</td>
<td>১.১। উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবণ, বিআরডিবি অফিস, সমাজসেবা অফিস, ইউটিডিসি বিল্ডিং, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ও অন্যান্য অফিসে উপজেলা পরিষদের পুকুর হতে পাম্প দ্বারা প্রত্যেক অফিসের টয়লেটে</td>
<td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউ চেয়ারম্যান (সকল) সিলেট সদ</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | যুব উন্নয়ন অফিস, মৎস অফিস, সমবায় অফিস অত্যাধিক আয়রণযুক্ত পানি ব্যবহার করছে। তিনি উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবণ, বিআরডিবি অফিস, সমাজসেবা অফিস, ইউটিডিসি বিল্ডিং, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ও অন্যান্য অফিসে উপজেলা পরিষদের পুকুর হতে পাম্প দ্বারা প্রত্যেক অফিসের টয়লেটে পানি সরবরাহের লক্ষ্যে ২,৫১,২৫০/-(দুই লক্ষ একান্ন হাজার দুইশত পঁঞ্চাশ) টাকার সম্ভাব্য প্রাক্কলন উপস্থাপন করেন। | পানি সরবরাহের লক্ষ্যে ২,৫১,২৫০/- (দুই লক্ষ একান্ন হাজার দুইশত পঁঞ্চাশ) টাকার সম্ভাব্য প্রাক্কলন অনুমোদিত হয়। | সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্ন কর্মকর্তা, সিলেট সদ সিলেট। |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা খা নিয়ন্ত্রক ও সংশ্লি সকল, সিলেট সদ সিলেট। |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর শাখার লোন আউটস্ট্যান্ডিং ১০ কোটি ৯৪ লক্ষ, গত আগস্ট /২৪ মাসে ঋণ আদায় ২৬ লক্ষ টাকা এবং ঋণ বিতরন ৮.২০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১.১৭ লক্ষ টাকা, খেলাপি ঋণের পরিমাণ প্রায় ৪ কোটি টাকা। | ১.১। ঋণ খেলাপী রোধ করতে ইউপি চেয়ারম্যান (সকল) সার্বিক সহযোগিতা করবেন এবং প্রয়োজনে ঋণ খেলাপীদেও তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা করা যেতে পারে। | শাখা ব্যবস্থাপ পল্লী সঞ্চ ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট জানান, মুরারিচাঁদ কলেজ হতে সিলেট তামাবিল রোডের সুরামাগেইট পর্যন্ত প্রস্তাবিত চারলেন রাস্তার দুই পার্শ্বের গাছ নিলামে বিক্রি করা হয়েছে। বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আলোচনাকালে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, মাধ্যমিক শিক্ষা অফিসের পাশে একটি গাছের কারণে প্রায় সময় ট্রান্সফরমার নষ্ট হয়ে যায়। তিনি উক্ত গাছের ডালপালা ছাঁটাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অভ্যন্তরিন গাছের বড় বড় ডালাপালা ছাঁটাই এর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বা অফিসার, ফরে রেঞ্জার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তর চলতি ২০২৪- ২৫ অর্থ বছরে রাজস্ব খাত থেকে বিভিন্ন ট্রেডে সাত দিনব্যাপী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হবে। মোট ১৪ ব্যাচ প্রশিক্ষণ দেওয়া হবে। চলতি মাসের ২২ তারিখ থেকে প্রথম ব্যাচ শুরু হবে। চলতি মাসে দুইজন উদ্যোক্তাকে যুব ঋণের তহবিল হতে ২ লক্ষ টাকা করে ৪ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। পাঁচ জন প্রশিক্ষিত যুবক ও যুব নারীদের মধ্যে তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা বিতরণ করা হয়েছে। | ১.১) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম তদারকি করতে হবে । সমন্বয়ের মাধ্যমে প্রশিক্ষণের তারিখ নির্ধারণ করতে হবে। | উপজেলা যুব উন্ন কর্মকর্তা ও সংশ্লি সকল, স সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।চলতি মাসে নতুন কোন আলোচ্যসূচী নেই। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সম কর্মকর্তা ও সং সকল, সদর, সিলে |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।চলতি মাসে নতুন কোন আলোচ্যসূচী নেই। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্ব কর্মকর্তা ও সং সকল। |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার প্রস্তাব উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও স সচিব, সংশ্লিষ্ট ক সিলেট সদর, সিলে |

| | | | |
|---|---|---|---|
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর, সিলেট |
| ৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি), সিলেট শাখাকে ০৫ টি অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছে। সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল ও সিলেট শহীদ শামছুদ্দীন হাসপাতাল থেকে কোন চাহিদা পাওয়া যায়নি। | ১.১)উপযুক্ত চাহিদা প্রাপ্তি সাপেক্ষ উপজেলা পরিষদ সভার অনুমতিক্রমে অবশিষ্ট অক্সিজেন সিলিন্ডার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল সিলেট সদর, সিলেট |
| ০৬। বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে ০৮ নং কান্দিগাঁও ইউপি চেয়ারম্যান জানান, বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে সরকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের অপসারণ করে দিবে। তিনি বলেন, এতে সাধারণ জনগণ বিভিন্ন সমস্যার সম্মুখিন হবে কারণ উত্তরাধিকারী সনদ, জন্মসনদ ও মৃত্যসনদ সহ বিভিন্ন নাগরিক সেবা ইউনিয়ন পরিষদ থেকে প্রদান করা হয়।তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের অপসারণ না করার প্রস্তাব উপস্থাপন করেন এবং উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সম্মতি জ্ঞাপন করেন।<br><br>বিবিধ-০২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ মিলনায়তন ও অফিসের কিছু চেয়ার টেবিল মেরামত সংস্কারের প্রস্তাব করেন।<br><br>বিবিধ-০৩:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের অফিসের কাজে ব্যবহারের জন্য পরিবেশ বান্ধব কাগজের অফিস খাম ও ফাইল তৈরী করা হয়েছে মর্মে অবহিত করেন | ০১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের অপসারণ না করার প্রস্তাব অদ্য সভার মাধ্যমে জেলায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ মিলনায়তন ও অফিসের কিছু চেয়ার টেবিল মেরামত সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অফিসের কাজে ব্যবহারের জন্য অফিস খাম ও ফাইল তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/10/24

নাছরীন আক্তার
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।
তারিখ: ২০/১০/২০২৪ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৭০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৬। চেয়ারম্যান,-------------------- ------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৭। জনাব/বেগম,------------------------------সিলেট সদর, সিলেট।
০৮। অফিস নথি।

20/10/24

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রম | নাম | পদবি |
| --- | --- | --- |
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব মো: মাহবুবুল ইসলাম | প্রশাসক, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ০৯) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১০) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১১) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | ডা: আহমদ সিরাজুম মুণীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৩) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |
| ১৪) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৫) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৮) | জনাব মো: ইকরামুল কবির | প্রতিনিধি,উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৯) | জনাব মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২০) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট।০ |
| ২১) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২২) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট । |
| ২৩) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । |
| ২৪) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ২৫) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রম | নাম | পদবি |
| --- | --- | --- |
| ০১) | জনাব কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| ০২) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । |